যুগান্তর

তারিখ ..... 8 MAY 2009 ..
পৃষ্ঠা ... কলাম ......

আইটি বিশ্ব

# নরওয়েতে ল্যাপটপ-নির্ভর মাধ্যমিক শিক্ষা চালু



নরওয়ের প্রায় ৬ হাজার ছাত্রছাত্রী সম্প্রতি তাদের সব পরীক্ষা ল্যাপটপেরই মাধ্যমে দেয়া শুরু করেছে। জানা গেছে, এটি এখন পর্যন্ত পরীক্ষামূলক পর্যায়ে আছে। ১৬ থেকে শুরু করে ১৯ বছরের শিক্ষার্থীদের এই সিস্টেমের আওতায় এখন থেকে পরীক্ষা দিতে হবে। সে দেশের সরকার ল্যাপটপ-নির্ভর পরীক্ষা পদ্ধতি চালু করতে চাইছে বলে সরকারি সূত্র জানিয়েছে। সে দেশের মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের সরকারি উদ্যোগে একটি করে ল্যাপটপ দেয়া হবে বলেও জানা গেছে। এই পরীক্ষা পদ্ধতি চালুর জন্য প্রতিটি ল্যাপটপে একটি স্পেশাল সফটওয়্যার ব্যবহার করা হবে। যা পরীক্ষার্থীদের অসদুপায় অবলম্বনের প্রবণতা কমিয়ে ফেলবে বলে কর্তৃপক্ষ মনে করছে। সরকারের এক মুখপাত্র মিস হিল্যান্ড জানান, সব সময়ই ছাত্রছাত্রীদের প্রতি শিক্ষকদের মনিটরিং থাকবে। যাতে তারা ক্লাসে ইন্টারনেট ব্যবহার করে বিভিন্ন পেপারস ডাউনলোড বা কারও সঙ্গে যোগাযোগ না করতে পারে। এ পদ্ধতিতে নরওয়ের শিক্ষাব্যবস্থায় আরও স্বচ্ছতা ফিরে আসবে বলে মনে করে সে দেশের সরকার।

বিবিসি অবলম্বনে মুরশিদুজ্জামান হিমু